

রুয়েটে নতুন বিভাগে চলতি শিক্ষাবর্ষে শিক্ষার্থী ভর্তি

রাজশাহী অফিস
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (রুয়েট) আরও দুটি নতুন বিভাগ খোলা হয়েছে। এগুলো হচ্ছে: ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং (ইসিই) এবং কেমিক্যাল এন্ড ফুড প্রসেস ইঞ্জিনিয়ারিং (সিএফপিই) বিভাগ। চলতি শিক্ষাবর্ষেই এই দুই বিভাগে শিক্ষার্থী ভর্তি করা হবে। রুয়েট ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহা. রফিকুল আলম বেগ বলেন, রুয়েটে খোলা নতুন দুই বিভাগ বর্তমান সরকারের ডিজিটাইজেশন প্রক্রিয়াকে আরও এগিয়ে নিতে সহায়ক ভূমিকা রাখবে। পশোপাশি দেশে নিরাপদ খাদ্য সংরক্ষণ ও প্রক্রিয়াজাত নতুন প্রযুক্তি উদ্ভাবনে সহায়ক হবে।

নতুন ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বিভাগকে ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং অনুষদের অন্তর্ভুক্ত করা হয়েছে। চলতি ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ৬০ জন শিক্ষার্থী ভর্তির মাধ্যমে বিভাগটি চালু হচ্ছে। অন্যদিকে কেমিক্যাল এন্ড ফুড প্রসেস ইঞ্জিনিয়ারিং বিভাগকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদে অন্তর্ভুক্ত করা হয়েছে। চলতি ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ৩০ জন শিক্ষার্থী ভর্তির মাধ্যমে নতুন বিভাগ চালু হচ্ছে।